

নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০০১.২০১১-৫১৯

তারিখঃ-১৭-০১-২০১৩ খ্রিঃ

পরিপত্র

বিষয় : ইউনিয়ন পরিষদ সচিব এবং গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) এর বেতন সরাসরি তাদের ব্যাংক হিসাবে প্রদান প্রসঙ্গে।

ইউনিয়ন পরিষদ সচিব এবং গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) এর বেতনের সমুদয় অর্থ (সরকারী অংশ ও ইউপি অংশ) একত্রে জেলা প্রশাসকের কার্যালয় হতে সরাসরি তাদের ব্যাংক হিসাবে প্রদান করতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


২। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

২.১ অবিলম্বে সকল ইউপি সচিব এবং গ্রাম পুলিশের নামে পৃথক পৃথক ব্যাংক হিসাব খোলা নিশ্চিত করতে হবে।

২.২ ইউপি সচিব ও গ্রামপুলিশের বেতনের ইউপি অংশ পরিশোধকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করতে হবে। এ লক্ষ্যে হাট বাজার, খেয়াঘাট, জলাশয়সহ ইউনিয়ন পরিষদের অন্যান্য আয় এবং এতে অর্ধের সংস্থান না হলে স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% এর অর্থ থেকে অগ্রাধিকার ভিত্তিতে ইউপি সচিব ও গ্রামপুলিশের (দফাদার ও মহল্লাদার) বেতনের ইউপি অংশ সংশ্লিষ্ট উপজেলা উপজেলা নিবাহী অফিসারগণ জেলা প্রশাসকের দিকট প্রেরণ নিশ্চিত করবেন।

২.৩ ইউনিয়ন পরিষদ সচিব এবং গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) গণের বেতনের সরকারী অংশের সঙ্গে ইউপি অংশ একত্রিত করে জেলা প্রশাসক কর্তৃক প্রতি মাসের ০৩(তিন) তারিখের মধ্যে তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করতে হবে।

২.৪ ইউনিয়ন পরিষদ সচিবদের বর্তমান কর্মস্থলে শ্রাঙ বেতনের (ইউপি অংশের) অর্থ প্রদান না করে অন্যত্র বদলী করা হলে তাদের বেতনের ইউপি অংশ পেতে জটিলতার সৃষ্টি হয়। ইউপি সচিবকে এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে বদলী করা হলে তাদের বদলীকৃত কর্মস্থলে যোগদানের পূর্বেই সম্পূর্ণ বেতন পরিশোধ নিশ্চিত করতে হবে।



(আবু তাহের মুহাম্মদ জাব্বার)

সিনিয়র সহকারী সচিব

ফোন- ৯৫১৪১৯০

জেলা প্রশাসক (সকল)

জেলা

অনুলিপিঃ

উপজেলা নিবাহী অফিসার (সকল)

উপজেলা

জেলা